

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
গাজীপুর

সেবা সহজীকরণ

**শিরোনামঃ মৎস্য খাদ্য বিক্রয়ের [ক্যাটাগরি ৩ (ক)(খ)] লাইসেন্স প্রদান/নবায়ন প্রক্রিয়া সহজীকরণ**

**ভূমিকা:** বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন, খাদ্য নিরাপত্তা ও পুষ্টির চাহিদা পূরণে মৎস্য সেক্টর গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে। একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাতকে আরো বিকশিত করার মাধ্যমে সকল ধরনের মৎস্য সেবা সহজে জনগণের দোরগোড়ায় পৌছাতে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় জনকল্যানমূলী মৎস্য সেবা প্রতিষ্ঠার লক্ষ্যে জেলা মৎস্য দপ্তর, গাজীপুর এর মৎস্য খাদ্য বিক্রয়ের [ক্যাটাগরি ৩(ক)(খ)] লাইসেন্স প্রদান/ নবায়ন প্রক্রিয়া সহজীকরণ করার উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।


**উদ্যোগ গ্রহণের ঘোষিকরণ:**

- বিদ্যমান অবস্থায় মৎস্য খাদ্য বিক্রয়ের লাইসেন্স প্রাপ্তি/নবায়নের জন্য জেলা মৎস্য দপ্তরে আবেদন করতে হয়। আবেদনের পর কাগজপত্রাদি প্রাথমিক যাচাই-বাছাইপূর্বক সংশ্লিষ্ট খাদ্যের দোকান/গুদামঘর/প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। এক্ষেত্রে জেলা মৎস্য কর্মকর্তা অথবা তার মনোনীত জেলা অথবা উপজেলা পর্যায়ের কর্মকর্তা কর্তৃক প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংগ্রহ করা হয়। আবেদনপত্রটি যথাযথ হলে আবেদনের ৩০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান/নবায়ন করা হয়। অতঃপর সেবাগ্রহীতা জেলা মৎস্য দপ্তর থেকে লাইসেন্স গ্রহণ করেন।
- কিন্তু প্রস্তাবিত সেবা সহজীকরণে ওয়েবসাইট অথবা নিকটস্থ কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ করতঃ তা পূরণপূর্বক সংশ্লিষ্ট তথ্য/কাগজপত্রাদিসহ আবেদন ই-মেইলের মাধ্যমে সরাসরি জেলা মৎস্য দপ্তরে প্রেরণ করবেন অথবা সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে সরাসরি জমা প্রদান করবেন। উপজেলা কর্তৃক আবেদনপত্রটি ই-মেইল/সরাসরি জেলা কার্যালয়ে প্রেরণ করবেন অথবা লাইসেন্সিং অফিসিটিকে অবহিত করে জমাকৃত আবেদন প্রাথমিক যাচাই-বাছাইকরণ প্রতিবেদনসহ ই-মেইল/ডাকযোগে/বিশেষ বাহক মারফত জেলা মৎস্য দপ্তরে প্রেরণ করবেন। লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে উপজেলা পর্যায় হতে প্রেরিত প্রতিবেদন পুনঃবিবেচনা করবেন। পরবর্তীতে লাইসেন্স প্রদান/নবায়ন করার পর তা উপজেলা দপ্তরে প্রেরণ করা হবে। সেবাপ্রত্যাশিগণ উপজেলা দপ্তর থেকে লাইসেন্স সংগ্রহ করবেন। তবে, সংশ্লিষ্ট সেবা প্রত্যক্ষকারী ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজন মনে করলে জেলা মৎস্য দপ্তর থেকেও লাইসেন্স সংগ্রহ করতে পারবেন। এক্ষেত্রে সেবা গ্রহণকারীর সময় শৰ্ম, অর্থ অপচয় রোধ হবে এবং সেবা প্রাপ্তি সহজতর হবে।

**প্রত্যাশিত ফলাফল:**

- ❖ জেলা মৎস্য দপ্তরে যাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- ❖ সেবা গ্রহীতাদের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- ❖ তাৎক্ষণিকভাবে যেকোনো স্থান থেকে লাইসেন্স গ্রহণের আবেদন করতে পারবেন।

## সেবা সহজীকরণের প্রসেস ম্যাপ



### টিসিভি বিশ্লেষণ

বিবরণ	সময়	খরচ	যাতায়াত	মন্তব্য
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	২৫-৩০ দিন	২০০-৫০০ টাকা	২-৩ বার	যাতায়াত খরচ (সন্তাব) ধরা হয়েছে। জেলা মৎস্য দপ্তরে সেবাগ্রহীতার যাতায়াতের জন্য খরচ বেশী, সময় অপচয় বিধায় টিসিভি বেশি হয়।
আইডিয়া বাস্তবায়নের পরে	২০-২৫ দিন	০-২০০ টাকা	০-১ বার	জেলা মৎস্য দপ্তরে সেবাগ্রহীতার আসাটা জরুরী নয়। সময়, যাতায়াত খরচ নেই/কম বিধায় সময়, শুম ও অর্থের অপচয় কর হয়।
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহীতার প্রত্যাশিত বেনিফিট	৫-১০ দিন সেভ	২০০-৩০০ টাকা সেভ	১-২ বার সেভ	সেবা প্রত্যাশিকে উপজেলা হতে জেলা মৎস্য দপ্তরে আগমনের কোন প্রয়োজন নেই

  
 ড. কায়সার মুহাম্মদ মঙ্গনুল হাসান  
 জেলা মৎস্য কর্মকর্তা  
 গাজীপুর